

চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ০৫/২০১৩

তারিখঃ ০৩/০১/২০১৩খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

২০ পৌষ, ১৪১৯ বাংলা।

ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক অতিরিক্ত অর্থ আদায় ও শিপিং এজেন্ট কর্তৃক অনুমোদিত Dirty Cargo এর তালিকাভুক্ত পণ্য ব্যতীত অন্যান্য পণ্যের উপর Cleaning Charge/Washing Charge আদায় সহ অন্যান্য বিষয়ে ১৯/১২/২০১২ তারিখে অনুষ্ঠেয় সভার কার্যবিবরণী সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

এম রহমান

উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

বিষয় : ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক অতিরিক্ত অর্থ আদায় ও শিপিং এজেন্ট কর্তৃক অনুমোদিত Dirty Cargo এর তালিকাভুক্ত পণ্য ব্যতীত অন্যান্য পণ্যের উপর Cleaning Charge/Washing Charge আদায় সহ অন্যান্য বিষয়ে ১৯/১২/২০১২ তারিখে অনুষ্ঠেয় সভার কার্যবিবরণী।

নির্ধারিত দিবসে ডেপুটি কমিশনার ও সদস্য, লাইসেন্সিং কর্তৃপক্ষ জনাব মোঃ কামরুজ্জামান এর সভাপতিত্বে কাস্টম হাউস, চট্টগ্রাম এর সম্মিলন কক্ষে সকাল ১০.৩০ ঘটিকায় সকল Stake Holder এর উপস্থিতিতে (সংলাগ-ক সংযুক্ত) বর্ণিত বিষয়ের উপর সভার কার্যক্রম গ্রহণ করা হয়। সভাপতি উপস্থিত সকল Stake Holder দের ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয় ও সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত নিম্নে বর্ণনা করা হলোঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত |
|--------|--|---|
| ১। | ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক সিএন্ডএফ এজেন্টদের কর্মকাণ্ডে অবৈধ হস্তক্ষেপ। সূত্র : সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের পত্র নং- ৮(৭)/১২/৫৫৯৬, তারিখ-১৭/০৬/২০১২। | ১) Jurisdiction অনুযায়ী যার যার এখতিয়ারে কার্যক্রম পরিচালনা করবেন, এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গৃহীত হবে। বাস্তবায়ন : লাইসেন্সিং কর্তৃপক্ষ |
| ২। | ক) ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক রঞ্জানির বিপরীতে বি/এল প্রদানের জন্য অতিরিক্ত চার্জ দাবী। সূত্র : ১) বিজিএমইএ, চট্টগ্রাম এর পত্র নং-বিজিএমইএ/ চট্টঃ / কাস্টম/২০১২/১৭৮৬, তারিখ-০৯/০৯/২০১২ ২) বিজিএমইএ, চট্টগ্রাম এর পত্র নং-বিজিএমইএ/চট্টঃ/ পোর্ট/২০১২/১৮৪৮, তারিখ- ১৭/০৯/২০১২ খ) শিপিং এজেন্ট কর্তৃক অনুমোদিত Dirty Cargo এর তালিকাভুক্ত পণ্য ব্যতীত অন্যান্য পণ্যের উপর <u>Cleaning Charge/Washing Charge</u> আদায় সূত্র : সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশনের পত্র নং- ৯(৪)/২০১২/৮০৭৪-৭৮, তারিখ-০৭/১১/২০১২ | ১) নৌ পরিবহন মন্ত্রণালয় (চট্টগ্রাম বন্দর শাখা), ঢাকায় অনুষ্ঠেয় ১৯/০৯/২০১০ তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক NOC বাবদ ফি টাকা ২,০০০ (দুই হাজার) এবং চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সার্কুলার নম্বর-০৩/০৭ তারিখ- ১৬/০৫/২০০৭ মোতাবেক প্রযোজ্য চার্জ আদায়ের বর্তমান কার্যক্রম অব্যাহত থাকবে। ২) ফ্রেইট ফরওয়ার্ডার্স (লাইসেন্সিং ও কার্য পরিচালনা) বিধিমালা ২০০৮ এর বিধি অনুযায়ী Arbitration কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু, উক্ত বিধিমালা ২০০৮ এর বিধি ২১ (৩)অনুযায়ী Arbitration কমিটির কার্যপদ্ধতি ও অন্যান্য বিষয়াদি জাতীয় রাজস্ব বোর্ড হতে জারীকৃত সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা পরিচালিত হবে। এ সম্পর্কে জাতীয় রাজস্ব বোর্ডের কোনো বিশেষ বা সাধারণ আদেশ জারী না হওয়ায় Arbitration কমিটি গঠন সম্ভব নয়। তবে এ লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করা যায়। বাস্তবায়নঃ ১) বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন এবং বাংলাদেশ শিপিং এজেন্ট এসোসিয়েশন।। ২) লাইসেন্সিং কর্তৃপক্ষ। |

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

মোঃ কামরুজ্জামান

ডেপুটি কমিশনার

ও সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ

কাস্টম হাউস, চট্টগ্রাম। টেলিফোন-০৩১-৭২১২৩১

তারিখ ২৬/১২/২০১২

নথি নং-এস ১৫-২২/জেনারেল/লাইঃ/ইম্পোঃ/৭৬-৯২(অংশ-৪)/২৩০৪

পৃষ্ঠা নং- ০৫